

Website: www.bb.org.bd



ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।



বিআরপিডি সার্কুলার লেটার নং - ২৯

১১ শ্রাবণ ১৪২৯

তারিখ : -----

২৬ জুলাই ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

বিদ্যুৎ উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহকে ঋণসীমার সাধারণ সীমাবদ্ধতা সংক্রান্ত
ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৬খ (১) ধারার বিধান হতে অব্যাহতি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২৬ জুলাই ২০২২ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন নং-বিআরপিডি (আর-১)
(ল'রিডিউ)-৭১৭/২০২২-৭৪৮৩ এর অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০১ (এক)

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)
পরিচালক (বিআরপিডি)
ফোন-৯৫৩০০৯৫

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

প্রজ্ঞাপন


নং-বিআরপিডি(আর-১) (ল'রিভিউ)৭১৭/২০২২-৭৪৮৩

১১ শ্রাবণ ১৪২৯

তারিখ : -----

২৬ জুলাই ২০২২

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৪ নং আইন) এর ১২১ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বিদ্যুৎ উৎপাদনে প্রয়োজনীয় অর্থ সরবরাহ নিবির্ল্ন রাখার লক্ষ্যে উক্ত খাতে জ্বালানী তেলসহ অন্যান্য কাঁচামাল আমদানীর জন্য বিদ্যুৎ উৎপাদনকারী কোন একক ব্যক্তি, প্রতিষ্ঠান বা গ্রুপকে কোন ব্যাংক কর্তৃক ঋণ প্রদানে বাংলাদেশ ব্যাংক হইতে অনুমোদন প্রদানের ক্ষেত্রে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৬খ(১) ধারার শর্তাংশে বর্ণিত নিষেধাজ্ঞা আগামী ০৬ মাসের জন্য কার্যকর হইবে না। তবে, ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৬খ(১) ধারার শর্তাংশে উল্লিখিত ২৫% উর্ধ্বসীমার স্থলে আগামী ০৬ মাসের জন্য উর্ধ্বসীমা কত হইবে তাহা বাংলাদেশ ব্যাংক নির্ধারণ করিবে।



(আবু ফরাহ মোঃ নাছের)

ডেপুটি গভর্নর

বাংলাদেশ ব্যাংক